# ফটোশপ দিয়ে ফ্লেমিং স্কাল ইফেক্ট

আহমদ ওয়াহিদ মাসুদ

মুভি দেখতে সবাই পছন্দ করেন। আজকাল অ্যাকশন মুভিতে বিভিন্ন ধরনের ইফেক্ট ব্যবহার করা হয়। সেই ইফেক্ট হতে পারে ভৌতিক বা ম্যাজিকাল বা অতিমানবের। এ লেখায় দেখানো হয়েছে, কিভাবে ফটোশপ দিয়ে ফ্লেমিং স্কাল ইফেক্ট দেয়া যায়। অবশ্যই এটি ম্যাজিকাল বা ভৌতিক ইফেক্টের মাঝে পরে।

প্রথমে একটি নিউ ফাইল (1400px×1300px) তৈরি করুন। এবার ব্যাকগ্রাউন্ড লেয়ারটি কালো কালার দিয়ে পূর্ণ করুন। মূল ইমেজ হিসেবে চিত্র-১ ব্যবহার করা হয়েছে। এবার আপনার তৈরি করা ক্যানভাসের সেন্টারে ছবিটি কপি করে পেস্ট করলে ছবিটির দুই পাশে কালো কালার থাকবে। এবার এই লেয়ারে একটি লেয়ার মাস্ক ব্যবহার করুন এবং একটি সফট কালো পেইন্ট ব্রাশ দিয়ে ছবিটি থেকে মানুষের মাথা মুছে ফেলুন। তাহলে মুছে ফেলা অংশে পেছনের কালো লেয়ার দেখা যাবে। লক্ষ করুন চিত্র-১-এর নিচে বাম দিকে একটি স্কাল বা খুলি পড়ে আছে। এটি দূর করার জন্য ল্যাসো টুল ব্যবহার করে স্কালটি ঘিরে একটি মোটামুটি সিলেকশন তৈরি করুন। জেনে রাখা ভালো ল্যাসো টুল হলো সিলেকশনের জন্য অত্যন্ত উপকারী এক টুল। যদি ফটোশপ ৫ ব্যবহার করে থাকেন, তাহলে কন্টেন্ট এরিয়া ফিল করার সুবিধাটি পাবেন। স্কালটি সিলেক্ট করে এডিট→ফিল→কন্টেন্ট এরিয়া অপশনটি সিলেক্ট করুন। ফলে সহজেই এবং দ্রুত স্কালটি মুছে যাবে। তবে কন্টেন্ট এরিয়া অপশনটি ব্যবহার করতে হলে মূল ছবির সাথে একটু বাড়তি অংশ সিলেক্ট করতে হয়, যাতে আশপাশের ব্যাকগ্রাউন্ডের মতো করে মাঝের অংশটুকু ফটোশপ ফিল করতে পারে। আর যদি আপনি পুরনো কোনো ভার্সনের ফটোশপ ব্যবহার করে থাকেন তাহলে ক্ল্যান স্ট্যাম্প টুল ব্যবহার করে স্কালটির আশপাশের এরিয়া ক্লোন করে তা দূর করতে পারেন। তবে কন্টেন্ট ফিল অপশন ব্যবহার করতে চাইলে সিলেকশনের ব্যাপারটি একটু খেয়াল রাখতে হবে।

গথিক ছবির মাথা মাস্ক অফ করে মুছে দেয়া হয়েছে। কিন্তু একটু ভালো করে খেয়াল করলে দেখা যাবে। জায়গাটি ছবির সাথে মিলছে না। কারণ যে জায়গা মাস্ক অফ করা হয়েছে বা মুছে ফেলা হয়েছে, সেখানে ১০০% কালো কালার আছে। আর তার আশপাশে পুরোপুরি কালো কালার নেই। এটি দূর করার জন্য একটি নতুন লেয়ার তৈরি করুন। লেয়ারটির অবস্থান হবে মূল কালো লেয়ারের ওপরে, কিন্তু কপি করা গথিক ছবিটির নিচে। লেয়ারটির নামকরণ করুন 'head area lighting'।

এবার আই ড্রপার টুল ব্যবহার করে আশপাশের ঘিরে থাকা ব্যাকগ্রাউন্ডের কালার স্যাম্পল হিসেবে নিন এবং একটি কালো সফট পেইন্ট ব্রাশ দিয়ে মুছে ফেলা মাথার অংশ পেইন্ট করুন। এটি খুব ভালো হওয়ার দরকার নেই, কারণ পরে এ স্কালেই বেশিরভাগ জায়গায় অন্য ইমেজ দিয়ে ফিল করা হবে, তাই মোটামুটি হলেই চলবে। চেষ্টা করুন যেনো জায়গাটি আশপাশের ব্যাকগ্রাউন্ডের সাথে মিলে যায়।

ছবিতে মাথা ভালোভাবে মুছে ফেলা গেলেও এখন দেখতে একটু অন্যরকম লাগবে, কারণ জ্যাকেটের ভেতরের কোনো অংশ দেখা যাচ্ছে না। তাই এ জায়গাটি নিজে পেইন্ট করতে হবে। আরেকটি নতুন লেয়ার তৈরি করুন এবং নাম দিন 'shadow neck area' এবং একটি কালো এরিয়া তৈরি করুন, যেটি জ্যাকেটের ভেতরে থাকার কথা।



চিত্র-১



চিত্র-২

এবার ইন্টারনেট থেকে আগুনের একটি ছবি ডাউনলোড করে এখানে তা পেস্ট করুন। খেয়াল রাখুন আগুনের ইমেজটি যেনো সামঞ্জস্যপূর্ণ হয় অর্থাৎ এর সাইজ যেনো মানানসই হয় (চিত্র-২)। এমনভাবে আগুনের ইমেজটির পজিশন ঠিক করুন যাতে তা দেখে মনে হয় মানুষটির ঘাড় থেকে আগুন জ্বলছে। এবার লেয়ারটির ব্লেন্ডিং মোড পরিবর্তন করে 'screen' সিলেক্ট করুন যাতে কালো ব্যাকগ্রাউন্ড না থাকে।

এবার ইমেজটির মাঝ বরাবর কিছু কালো কালার আছে যা দূর করতে হবে। এই সাইড এরিয়াগুলো ফিল করার জন্য মূল ইমেজটির ডানপাশের অর্ধেক ছবি সিলেক্ট করুন। কপি করে তা একটি নতুন ল্যারে পেস্ট করুন। এবারে এডিট→ট্রান্সফর্ম→ফ্লিপ হরাইজন্টাল অপশন সিলেক্ট করুন। এবার ফ্লিপিং ইমেজটি নড়িয়ে ছবির ডান পাশ কাভার করুন। খেয়াল করলে দেখতে পাবেন যে ফ্লিপ করা ইমেজটি এখনও মানুষটির পায়ের কিছু অংশ দেখাচ্ছে। এটা দূর করার জন্য কন্টেন্ট এওয়ার ফিল টুল আবার ব্যবহার করতে পারেন। একইভাবে মূল ছবির বাম পাশও ফিল করুন। এবার ব্লেন্ডিং মোড পরিবর্তন করার জন্য এই নতুন লেয়ার দুটিকে মাস্ক করতে পারেন।

এবার 'shadows background' নামে একটি নতুন লেয়ার তৈরি করুন। একটি সফট কালো পেইন্ট ব্রাশ ব্যবহার করে ছবির কিনারা/ধারগুলো পেইন্ট করুন।

এবারে ইন্টারনেট থেকে একটি স্কালের ইমেজ ডাউনলোড করুন। চিত্র-৩-এর নিচের দিকে এটি দেয়া হলো। এবার স্কালটিকে এর ব্যাকগ্রাউন্ড থেকে সরিয়ে নিন এবং তা মানুষটির ডান পায়ের কাছে রাখুন। এবার এই লেয়ারে একটি কালার অভারলে ব্লেন্ডিং অপশন (ব্লেন্ড মোড : সফট লাইট, কালার ১৭১৯১৯, অপাসিটি : ৬৫%) প্রয়োগ করুন। এবার একটি লেভেলস, কালার ব্যালান্স এবং হিউ/স্যাচুরেশন লেয়ার প্রয়োগ করুন। সেটিংসগুলো দেয়া হলো, লেভেলস অ্যাডজাস্টমেন্ট লেয়ার : ৪৬/০.৭৩/২৫৫, কালার ব্যালান্স অ্যাডজাস্টমেন্ট লেয়ার : হাইলাইটস- (-১৩)/০/০, মিডটোন্স- ৯/০/৪, শ্যাডো- (-১১)/০/(-৪), হিউ/স্যাচুরেশন অ্যাডজাস্টমেন্ট লেয়ার : হিউ- ০, স্যাচুরেশন- (-১০০), লাইটনেস- (-৬২)।

এবার একটি নতুন লেয়ার তৈরি করুন এবং নাম দিন 'lightning animal skull'। একটি সফট কালো পেইন্ট ব্রাশ দিয়ে আনিমাল স্কালের বামপাশে এবং ফ্লোরে পেইন্ট করলেই ওই জায়গাগুলোতে একটি শ্যাডোর ইফেক্ট পড়বে। একটি সফট এবং কম অপাসিটির সাদা পেইন্ট ব্রাশ দিয়ে স্কালের ওপরের দিকে পেইন্ট করলে জায়গাগুলো কিছুটা উজ্জ্বল হবে অর্থাৎ লাইটের ইফেক্ট পড়বে। লেয়ারটির ব্লেন্ডিং মোড পরিবর্তন করে অভারলে করুন, যাতে লাইটের ইফেক্টগুলো আরও প্রাকৃতিক মনে হয়।

ইন্টারনেট থেকে একটি মানানসই স্কালের ইমেজ ডাউনলোড করুন। এই স্কালটি মাথার জায়গায় বসবে। স্কালটিকে আগের মতো তার ব্যাকগ্রাউন্ড থেকে আলাদা করুন এবং প্রয়োজনে রিসাইজ করুন, তারপর এটি জ্যাকেটের ঠিক ওপরে বসিয়ে দিন (চিত্র-৪)। লক্ষ রাখুন স্কালের লেয়ারটি আগুনের লেয়ার থেকে ওপরে থাকবে, যাতে মনে হয় জ্যাকেট থেকে আগুন এসে স্কালের ভেতরে ঢুকছে। এবার এ স্কালটিতেও একটি লেভেল এবং কালার অ্যাডজাস্টমেন্ট লেয়ার প্রয়োগ করুন। লেভেল অ্যাডজাস্টমেন্ট লেয়ার : ২৩/১.০০/২৪৩, কালার ব্যালান্স অ্যাডজাস্টমেন্ট লেয়ার : হাইলাইটস- ▸



চিত্র-৩



চিত্র-৪



চিত্র-৫

০/০/০/, মিডটোন- (-৮)/৮/১৫, শ্যাডো- ০/০/০।

এবার একটি নতুন লেয়ার খুলুন এবং নাম দিন 'skull shading' এবং লেয়ারটির ব্লেন্ডিং মোড ওভারলেতে সেট করুন। একটি সফট, কম অপাসিটির কালো পেইন্ট ব্রাশ দিয়ে স্কালের চারপাশে পেইন্ট করুন যাতে শ্যাডোর ইফেক্ট পাওয়া যায়। তাহলে স্কালটি আরও বাস্তব মনে হবে।

এবার আরও কিছু আগুন সেট করার সময়। আগুনের ছবিটি আবার পেস্ট করুন এবং তা স্কালের ওপরে নিয়ে আসুন (চিত্র-৫)। এবার লেয়ারটির ব্লেন্ডিং মোড পরিবর্তন করে 'screen' সিলেক্ট করুন, যাতে তার কালো ব্যাকগ্রাউন্ড হাইড হয়ে যায়। একটি লেয়ার মাস্ক অ্যাড করুন এবং একটি কালো সফট পেইন্ট ব্রাশ দিয়ে আগুনের নিচের দিকে মাস্ক অফ করুন যাতে মনে হয় আগুনটি স্কালের চোখ থেকে বের হচ্ছে। এই পদ্ধতি বারবার প্রয়োগ করুন যাতে স্কালের চারপাশে আগুনের ইফেক্ট আরও বেশি হয়।

এবার কিছু ধোঁয়ার ছবি ইন্টারনেট থেকে ডাউনলোড করুন। একটি নতুন লেয়ার তৈরি করুন এবং নাম দিন 'smoke' এবং সাদা পেইন্ট ব্রাশ ব্যবহার করে স্কালের আগুনের ওপরে কিছু ধোঁয়া অ্যাড করুন। তাহলে মনে হবে ধোঁয়াটুকু স্কালের আগুনের থেকে আসছে। এবারে স্মক লেয়ারের অপাসিটি কমিয়ে ২০%-এ নিয়ে আসুন।

এবার ছবির নিচে অর্থাৎ পায়ের কাছে আরও কিছু আগুনের ইফেক্ট দিয়ে দিন। একটি নতুন লেয়ার তৈরি করুন এবং নাম দিন 'floor lighting'। এবারে ল্যাসো সিলেকশন টুল (30px feather) ব্যবহার করে পায়ের নিচে সফট এরিয়া তৈরি করুন। এবার এই এরিয়াটি d74c00 (কমলা) কালার দিয়ে ফিল করুন। লেয়ারটির ব্লেন্ডিং মোড পরিবর্তন করে ওভারলে সিলেক্ট করুন এবং অপাসিটি কমিয়ে ৩০%-এ নিয়ে আসুন। সবশেষে ছবিটি দেখতে চিত্র-৬-এর মতো হবে।



চিত্র-৬

আধুনিক চিত্র/চলচ্চিত্র শিল্পের বিরাট একটি স্থান দখল করে আছে ফটোশপ। বিভিন্ন ছবি বা মুভিতে যত ইফেক্ট দেখা যায় তার সবই মূলত ফটোশপ দিয়ে তৈরি করা। তবে প্রফেশনাল কাজের জন্য ফটোশপ একটু অন্যভাবে ব্যবহার করা হলেও পদ্ধতি মূলত একই থাকে।

ফিডব্যাক : *wahid_cseaust@yahoo.com*